গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্য্যালয়
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূনর্বাসন প্রতিষ্ঠান-নিটোর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং- জাঃঅর্থোঃহাস/(পিটি ডিগ্রী কোর্স)৯৩-১৩৩/ ২৮০৯ তারিখঃ-০৮/০১/২০২৬ ইং।

## ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরে বাংলা নগর ঢাকায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪(চার) বছর একাডেমিক এবং ১ বছর বাধ্যতামুলক ইন্টার্নশীপ সহ সর্বমোট ৫(পাঁচ) বছর মেয়াদী বি.এস.সি ইন ফিজিওথেরাপি কোর্সের প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইন আবেদন https://nitorbd.bigmsoft.com এর মাধ্যমে করিতে হইবে। **মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুইটি আসন এবং উপজাতী প্রার্থীদের জন্য একটি আসন সংরক্ষিত থাকিবে, এক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতী প্রার্থী পাওয়া না গেলে অবশিষ্ট সংরক্ষিত আসন গুলি প্রকাশিত মেধা তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পুরণ করা হইবে।**

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের যোগ্যতাঃ**

বাংলাদেশের যে কোন স্বীকৃত শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড (কারিগরী শিক্ষা বোর্ড ব্যতিত) অথবা দেশের বাইরের যে কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে এস.এস.সি /দাখিল এবং এইচ.এস.সি/ আলিম পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি সহ উভয় পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮(আট) পয়েন্ট পাইতে হইবে এবং আলাদা ভাবে নুন্যতম জিপিএ ৩.৫ পয়েন্ট থাকিতে হইবে। উপজাতী প্রার্থীদের ক্ষেত্রে মোট জিপিএ ৭(সাত) পয়েন্ট পাইতে হইবে এবং আলাদা ভাবে নুন্যতম জিপিএ ৩.০০ পয়েন্ট থাকিতে হইবে। যে সকল প্রার্থী ২০২২ সালের পূর্বে এস.এস.সি এবং ২০২৪ সালের পূর্বে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ন হইয়াছেন, তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।

**আবেদন করার নিয়মাবলীঃ**

অনলাইন আবেদন https://nitorbd.bigmsoft.com লিংক এর মাধ্যমে করিতে হইবে। অনলাইনে আবেদন শুরুর পূর্বে আবেদন ফি ১০০০/-(এক হাজার) টাকা **"COURSE CO-ORDINATOR PHYSIOTHERAPY"** চলতি হিসাব নং **"০২০০০০১৭৬৭২৭৪", অগ্রনী ব্যাংক পিএলসি, শ্যামলী শাখা, ঢাকা"** এর অনুকূলে বাংলাদেশের অগ্রনী ব্যাংকের যে কোন শাখায়/অনলাইন শাখায় জমা দিয়ে জমা রশিদ সংগ্রহ করিতে হইবে। জমা রশিদের উভয় অংশে প্রার্থীর নাম ও আবেদনে উল্লেখিত মোবাইল নাম্বার উল্লেখ করিতে হইবে। কোন প্রকার পে-অর্ডার/চালান কপি গ্রহণ করা হইবে না।

অনলাইনে আবেদনের সময় আবেদনকারীর ছবি ও স্বাক্ষর (সর্বোচ্চ 300kb, jpg), এবং ব্যাংকের সীল ও স্বাক্ষর যুক্ত জমা রশিদের স্ক্যান কপি (সর্বোচ্চ 400kb, jpg) আপলোড করিতে হইবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইটে দেখে যথাযথ ভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

**সময়সীমাঃ** অনলাইন আবেদন শুরুঃ ১০/০১/২০২৬ ইং, আবেদনের শেষ সময়ঃ ২৮/০২/২০২৬ ইং (রাত ১২টা) পর্যন্ত।
প্রবেশপত্র সংগ্রহঃ ২৯/০৩/২০২৬ ইং হইতে ০২/০৪/২০২৬ ইং (রাত ১২টা) পর্যন্ত।
ভর্তি পরীক্ষাঃ ০৩/০৪/২০২৬ ইং (শুক্রবার) সকাল ১০ ঘটিকায়। সময়কাল ১ ঘন্টা ।
স্থানঃ ১) আগারগাঁও তালতলা সরকারী কলোনী স্কুল এন্ড মহিলা কলেজ ও ২) আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, ঢাকা।

**প্রবেশপত্র সংগ্রহের নিয়মাবলীঃ** ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ২৯/০৩/২০২৬ ইং হইতে ০২/০৪/২০২৬ ইং (রাত ১২টা) পর্যন্ত https://nitorbd.bigmsoft.com হইতে ডাউনলোড করা যাইবে। ডাউনলোড করা প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট কপি সহ ভর্তি পরীক্ষার দিন উপস্থিত হইতে হইবে।

**ভর্তি পরীক্ষার নিয়মাবলীঃ**

পদার্থ বিজ্ঞান-৩০ নম্বর, রসায়ন-৩০ নম্বর ও জীববিজ্ঞান-৩০ নম্বর এবং ইংরেজি ও সাধারণ জ্ঞান-১০ নম্বর সর্বমোট ১০০(একশত) নম্বরের ভিত্তিতে এম সি কিউ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। প্রত্যেক সঠিক উত্তরের জন্য ০১(এক) নম্বর এবং ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে। প্রার্থীদের এস.এস.সি-তে প্রাপ্ত গ্রেড পয়েন্টের সাথে ৮ এবং এইচ.এস.সি-তে প্রাপ্ত গ্রেড পয়েন্টের সাথে ১২ গুন করিয়া ও ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ মেধাতালিকা প্রস্তুত করা হইবে। প্রাপ্ত নম্বর সমান হইলে এইচ.এস.সি পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান এ প্রাপ্ত মোট পয়েন্টের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হইবে।

**ভর্তির নিয়মাবলীঃ**

ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষার মূল সনদ পত্র, নম্বর পত্র, শারিরীক সুস্থতার সনদ (মেডিকেল ফিটনেস), ছবি এবং আনুষঙ্গিক মূল কাগজপত্রাদি অত্র প্রতিষ্ঠানে জমা দিতে হইবে। অত্র প্রতিষ্ঠানে কোন আবাসিক হল ব্যবস্থা বিদ্যমান নাই, ছাত্রছাত্রীদের নিজেদের ব্যক্তিগত ব্যবস্থাপনায় থাকা/খাওয়ার ব্যবস্থা এবং কোর্স সমাপ্তির পরে ০১ (এক) বছর ইন্টার্নশীপ প্রশীক্ষণ গ্রহন করিতে হইবে (ইন্টার্ন ভাতা প্রদান করা হয় না)। ভর্তি সংক্রান্ত সকল বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার ভাতাদি (টিএ,ডিএ) প্রদান করা হইবে না।

**প্রয়োজনে যোগাযোগঃ ০১৬১৫ ৫৭৭ ৩২২, ইমেইলঃ** bpt.admission.nitor222@gmail.com

০৮/০১/২০২৬

**(অধ্যাপক ডাঃ মোঃ আবুল কেনান)**
পরিচালক ও অধ্যাপক
এবং চেয়ারম্যান, ভর্তি পরীক্ষা কমিটি
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান-নিটোর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।